

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭০৮

আগরতলা, ২০ মার্চ, ২০২৬

ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা মুসলিম সম্প্রদায়ের জনগণসহ সকল রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, মাসব্যাপী রমজানের ত্যাগ, সংযম ও তিতিক্ষার শেষে আসে পবিত্র ঈদ-উল-ফিতর। ঈদের এই খুশির মুহূর্তে আসুন আমরা সবাই মিলে প্রার্থনা করি যেন - আমরা একটি সুস্থ, শান্তিপূর্ণ ও সুন্দর ত্রিপুরা গড়ে তুলতে পারি।

মুখ্যমন্ত্রী রাজ্যের সকল অংশের জনগণের সুস্থ ও সুন্দর জীবন কামনা করেন।
